

া সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৮০, ১১৮১]

১৯/ তাহাজ্বুদ বা রাতের সালাত (کتاب التهجد)

পরিচ্ছেদঃ ৭৪৮. যুহরের (ফরযের) পূর্বে দু' রাকা'আত সালাত।

باب الرَّكْعَتَيْنِ قَبْلَ الظُّهْرِ

আরবী

حَدَّتَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَالَ حَدَّتَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ لرضى الله عنهما ـ قَالَ حَفِظْتُ مِنَ النَّبِي صلى الله عليه وسلم عَشْرَ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ وَمْ الله عَليه وسلم عَشْرَ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ فِي بَيْتِهِ، وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ فِي وَبُلُ الظُّهْرِ، وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ فِي بَيْتِهِ، وَرَكْعَتَيْنِ عَبْلَ صَلَى الله عليه بَيْتِهِ، وَرَكْعَتَيْنِ قَبْلَ صَلَاةِ الصَّبْحِ، وَكَانَتْ سَاعَةً لاَ يُدْخَلُ عَلَى النَّبِيّ صلى الله عليه وسلم فِيهَا. حَدَّتَتْنِي حَفْصَةُ، أَنَّهُ كَانَ إِذَا أَذَّنَ الْمُؤَذِّنُ وَطَلَعَ الْفَجْرُ صَلَّى رَكْعَتَيْنِ.

বাংলা

১১১০। সুলাইমান ইবনু হারব (রহঃ) ... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আমি দশ রাকা'আত সালাত (নামায/নামাজ) আমার স্মৃতিতে সংরক্ষণ করে রেখেছি। যুহরের আগে দু' রাকা'আত পরে দু' রাকা'আত, মাগরিবের পরে দু' রাকা'আত তাঁর ঘরে, ইশার পরে দু' রাকা'আত তাঁর ঘরে এবং দু' রাকা'আত সকালের (ফজরের) সালাত (নামায/নামাজ)-এর আগে। ইবনু উমর (রাঃ) বলেন, আর এ সময়টি ছিল এমন, যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে (সাধারণত) কোন ব্যাক্তিকে প্রবেশের অনুমতি দেয়া হত না। তবে উম্মুল মু'মিনিন হাফসা (রাঃ) আমার কাছে বর্ণনা করেছেন যে, যখন মুআ্যা্যিন আ্যান দিতেন এবং ফজর (সুবহে-সা'দিক) উদিত হত তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' রাকা'আত সালাত (নামায/নামাজ) আদায় করতেন।

English

Narrated Ibn 'Umar:

I remember ten Rakat of Nawafil from the Prophet, two Rakat before the Zuhr prayer and two after it; two Rakat after Maghrib prayer in his house, and two Rakat after 'Isha' prayer in his house, and two Rakat before the Fajr prayer and at that time nobody would enter the house of the Prophet.



Hafsa told me that the Prophet (ﷺ) used to offer two Rakat after the call maker had made the Adhan and the day had dawned.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন